

জেনারেশন নিউ এরা (GENERATION NEW ERA)-র অংশ হন

অধ্যয়নটির জন্য আপনার নির্দেশিকা

সূচিপত্র

স্টাডি সম্পর্কে	2
এটি কীভাবে পরিবর্তন আনবে?	2
এতে কী কী জড়িত?	3
পরিবারের কোন কোন সদস্যকে স্টাডিতে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়?	4
স্টাডির জন্য আপনার পরিবারকে কীভাবে নির্বাচন করা হয়েছে?	4
আমরা বিশেষভাবে আপনার কাছ থেকেই কেন জানতে চাই?	4
আমরা আপনাকে কী কী বিষয়ে প্রশ্ন করব?	4
সাক্ষাৎকারগুলো কে নেন?	5
তথ্য যোগ করা	5
আপনার তথ্যের সুরক্ষা	6
স্টাডিটি কারা পরিচালনা করেন?	6
আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার ও সুরক্ষিত রাখি?	6
আপনি অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিলে বা স্টাডি থেকে সরে এলে কী হবে?	7
স্টাডিটি কে অনুমোদন করেছে?	7
সাহায্য ও পরামর্শ	8

স্টাডি সম্পর্কে

Generation New Era হলো গত 25 বছরের মধ্যে যুক্তরাজ্য জুড়ে শিশুদের নিয়ে পরিচালিত প্রথম নতুন স্টাডি।

এই সময়ের মধ্যে যুক্তরাজ্য জুড়ে পরিবারগুলোর জীবনে অনেক পরিবর্তন এসেছে। এখন জন্ম নেওয়া শিশুদের জীবন কেমন? আজকের শিশুদের সামনে কী কী সুযোগ ও প্রতিবন্ধকতা রয়েছে?

Generation New Era-তে অংশ নিয়ে আপনি সমাজে একটি গুরুত্বপূর্ণ অবদান রাখবেন এবং বর্তমান সময়ের পরিবারগুলোর জন্য জরুরি বিষয়গুলোর ওপর আলোকপাত করতে সাহায্য করবেন।

যারা স্টাডিতে অংশ নেবেন, তাদের সবাইকে সময় দেওয়ার জন্য ধন্যবাদ হিসেবে একটি হাই স্ট্রিট শপিং ভাউচার দেওয়া হবে।



এটি কীভাবে পরিবর্তন আনবে?

Generation New Era পরিবারগুলোর জীবনে বাস্তব পরিবর্তন আনতে সাহায্য করবে। এ ধরনের অন্যান্য স্টাডির ফলাফল ইতিমধ্যেই যেসব পরিবর্তন আনতে সাহায্য করেছে:

- বাবা-মায়েদের আরও ভালো অধিকার নিশ্চিত করতে সাহায্য করেছে (দীর্ঘতর মাতৃত্বকালীন ও দত্তক নেওয়ার ছুটি, বাবাদের জন্য বেতনসহ ছুটি এবং নমনীয়ভাবে কাজ করার অধিকার)।
- 75টি সুবিধাবঞ্চিত এলাকায় শিশুদের খাওয়ানোর পরিষেবার জন্য £50m অর্থায়ন নিশ্চিত করতে সাহায্য করেছে।
- প্রমাণ করেছে যে শিশুদের চিং হয়ে ঘুমানো বেশি নিরাপদ, যা নিরাপদে ঘুম পাড়ানোর নির্দেশিকা তৈরিতে সাহায্য করেছে।

1946, 1958, 1970 এবং 2000 সালে জন্ম নেওয়া মানুষদের নিয়ে পরিচালিত আরও চারটি জাতীয় স্টাডি এখনও চলছে। এই স্টাডিগুলো কী কী পরিবর্তন আনতে সাহায্য করেছে এবং অংশগ্রহণকারীরা কী বলেন, তা সম্পর্কে আরও জানতে দেখুন: gnestudy.info

"আজকের পরিবারগুলোর জীবন কেমন, তা জানার এমন সুযোগ জীবনে একবারই আসে। এর মাধ্যমে আমরা শিখতে পারি কীভাবে প্রতিটি শিশুর জীবনের শুরুটা সবচেয়ে ভালোভাবে নিশ্চিত করা যায়।"

জয়েস, লিড নার্স

এতে কী কী জড়িত?

1. **একজন প্রশিক্ষিত ও বন্ধুত্বপূর্ণ সাক্ষাৎকার গ্রহণকারী আপনার বাড়িতে আসবেন** – তিনি আপনাকে জিজ্ঞাসা করবেন আপনি অংশগ্রহণ করতে চান কিনা এবং আপনার প্রশ্নগুলোর উত্তর দেবেন। তাদের কাছে সবসময় ছবি-সহ পরিচয়পত্র থাকবে। সেই সময়টি আপনার জন্য সুবিধাজনক না হলে, তারা আপনার সুবিধামতো অন্য সময়ে আবার আসবেন। কখন ফোন করলে আপনার সুবিধা হবে, তা আপনি আমাদের জানাতে পারেন: ipsos.uk/contactgnet

2. **সাক্ষাৎকারের জন্য একটি সময় নির্ধারণ করা হবে** – আপনি অংশগ্রহণ করতে চাইলে, সাক্ষাৎকার গ্রহণকারী আপনার সুবিধামতো একটি দিন ও সময় ঠিক করে দেবেন।



3. **একজন মা-বাবা 60 মিনিটের একটি সাক্ষাৎকার দেন** – এই সাক্ষাৎকারটি সরাসরি সেই মা-বাবার সাথে হয় যিনি শিশুর সাথে সবচেয়ে বেশি সময় কাটান।

→ একটি সাক্ষাৎকার কিছুটা দীর্ঘ হবে, কারণ প্রতিটি পরিবারকে কিছু প্রশ্ন আমাদের মাত্র একবারই করতে হবে।

4. **অন্য মা-বাবা (যদি একই ঠিকানায় থাকেন) 30 মিনিটের একটি সাক্ষাৎকার দেবেন।**

একই ঠিকানায় থাকলে, আপনার সুবিধা অনুযায়ী সাক্ষাৎকারটি সরাসরি, অনলাইনে অথবা কখনও কখনও ফোনে নেওয়া যেতে পারে।

5. **বাবা-মায়ের মধ্যে একজনকে BabySteps অ্যাপ ডাউনলোড করার জন্য আমন্ত্রণ জানানো হবে** – এই অ্যাপের মাধ্যমে আপনি আপনার শিশুর বিকাশের বিভিন্ন মাইলফলক নথিভুক্ত করতে পারবেন এবং গবেষণামূলক কার্যক্রমে অংশ নিয়ে অতিরিক্ত ভাউচার পেতে পারবেন।

বাবল: স্টাডিতে অংশ নেওয়া সম্পূর্ণ আপনার নিজের সিদ্ধান্ত এবং আপনি যেকোনো সময় স্টাডি থেকে সরে আসতে পারেন।

আপনার সন্তান বড় হওয়ার সঙ্গে সঙ্গে কেমন বেড়ে উঠছে, তা জানতে আমরা আপনাকে আবার অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানাব—সম্ভবত যখন তার বয়স 3 বছর হবে। আপনার সন্তান বড় হলে, স্টাডিতে আর অংশ নিতে চায় কি না, সে নিজেই সেই সিদ্ধান্ত নিতে পারবে।

পরিবারের কোন কোন সদস্যকে স্টাডিতে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়?

মায়েদের পাশাপাশি বাবাদের কথাও শোনা আমাদের জন্য গুরুত্বপূর্ণ।, এর মধ্যে এমন মা-বাবাও রয়েছেন, তারা হয়তো তাদের সন্তানের সঙ্গে থাকেন না—শিশুর সঙ্গে তাঁদের যোগাযোগ বা সম্পৃক্ততা যেমনই হোক না কেন।

এর মাধ্যমে আমরা প্রতিটি শিশুর জীবন সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ধারণা পেতে পারি।

আপনি যদি আপনার সন্তানের অন্য মা-বাবার সঙ্গে না থাকেন, তাহলে আমরা সাক্ষাৎকারের সময় তাদের সাথে যোগাযোগ করার বিষয়ে আপনাকে জিজ্ঞাসা করব এবং কয়েক মাস পরে তাদের অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাব। আপনি যদি না চান যে আমরা তাদের সঙ্গে যোগাযোগ করি, অথবা এ নিয়ে আপনার কোনো উদ্বেগ থাকে, তাহলে আপনার সাক্ষাৎকার গ্রহণকারীকে জানাতে পারেন।

‘এর অংশ হতে বেশ ভালো লাগছে... নির্বাচিত হওয়াটা একধরনের বিশেষ অনুভূতি দেয়’ – স্টাডিতে অংশগ্রহণকারী

স্টাডির জন্য আপনার পরিবারকে কীভাবে নির্বাচন করা হয়েছে?

সরকারি স্বাস্থ্য বিভাগ ও সংস্থাগুলোর কাছে থাকা জন্মের রেকর্ড থেকে আপনার পরিবারকে নির্বাচন করা হয়েছে। এই সংস্থাগুলো আমাদের আপনার নাম, ঠিকানা এবং আপনার ও আপনার শিশুর সম্পর্কে কিছু অতিরিক্ত তথ্য দিয়েছে, যাতে আমরা আপনাকে স্টাডিতে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানাতে পারি। প্রতিটি দেশের বিশেষ স্বাস্থ্য-তথ্য কমিটি এই প্রক্রিয়াটি অনুমোদন করেছে।

আমরা বিশেষভাবে আপনার কাছ থেকেই কেন জানতে চাই?

আমরা সবাইকে আমন্ত্রণ জানাতে পারি না, তবে আমরা যেসব পরিবারকে আমন্ত্রণ জানাই, তারা প্রতিটি অঞ্চলের এবং সামগ্রিকভাবে যুক্তরাজ্যের বৈচিত্র্যকে প্রতিফলিত করে। এই স্টাডির লক্ষ্য হলো সবার প্রতিনিধিত্ব করা এবং সব পরিবারকে নিজেদের কথা বলার সুযোগ দেওয়া। এই স্টাডির ফলাফল যেন সত্যিই কাজে লাগে, তার জন্য সব ধরনের পরিবার, সংস্কৃতি ও সম্প্রদায়ের কথা আমাদের জানা দরকার। এর মাধ্যমে যুক্তরাজ্যের বিভিন্ন প্রান্তের মানুষের ভিন্ন ভিন্ন অভিজ্ঞতা বুঝতে সাহায্য হবে।

আমরা আপনাকে কী কী বিষয়ে প্রশ্ন করব?

আমরা আপনার শিশুর স্বাস্থ্য, বেড়ে ওঠা, আচরণ, ঘুম, খাদ্যাভ্যাস এবং দৈনন্দিন কাজকর্ম সম্পর্কে প্রশ্ন করব। যমজ বা একাধিক শিশু থাকলে, কিছু প্রশ্ন প্রতিটি শিশুর জন্য আলাদাভাবে করা হবে।

একজন মা বা বাবা হিসেবে আপনার এবং আপনার পরিবারের অভিজ্ঞতা সম্পর্কেও আমরা প্রশ্ন করব: আপনার বাড়ি, কাজ, আর্থিক অবস্থা, স্বাস্থ্য ও সুস্থতা, আপনার অন্য সন্তান, আপনার সঙ্গী এবং আপনি যে সহায়তা, পরিষেবা বা চাইল্ডকেয়ার ব্যবহার করেন, সেগুলি সম্পর্কে।

আপনি যে প্রশ্নের উত্তর দিতে চান না, সেটি এড়িয়ে যেতে পারেন। সংবেদনশীল প্রশ্নগুলোর উত্তর সাক্ষাৎকার গ্রহণকারীর কম্পিউটারে গোপনে দেওয়া হবে; সেগুলো জোরে আলোচনা করা হবে না।

[অংশগ্রহণ থেকে বিরত থাকা – আমরা আশা করি বাবা-মা দুজনেই অংশ নেবেন, তবে অংশ নেবেন কি না, সেই সিদ্ধান্ত আপনাদের প্রত্যেকের নিজের।]

সাক্ষাৎকারগুলো কে নেন?

স্বাধীন গবেষণা সংস্থা Ipsos এই স্টাডির সাক্ষাৎকারগুলোর তত্ত্বাবধান করে। তিনটি{sp} স্বাধীন গবেষণা সংস্থা—Ipsos, NatCen অথবা Verian—যেকোনো একটি সংস্থার সাক্ষাৎকার গ্রহণকারী আপনার সাক্ষাৎকার নেবেন। আপনাকে এবং আপনার তথ্যকে সুরক্ষিত রাখতে সাক্ষাৎকার গ্রহণকারীরা প্রশিক্ষিত ও অভিজ্ঞ এবং কঠোর নিয়ম মেনে চলেন।

তথ্য যোগ করা

সরকারি বিভাগ ও সংস্থাগুলো (যেমন NHS) নিয়মিতভাবে আমাদের সবার সম্পর্কে বিভিন্ন রেকর্ড সংরক্ষণ করে। এই তথ্যের সাহায্যেই তারা বিভিন্ন পরিষেবার পরিকল্পনা করে এবং সেগুলো প্রদান করে। আপনার এবং আপনার সন্তানের সম্পর্কে **স্বাস্থ্য, শিক্ষা এবং সোশ্যাল কেয়ারের রেকর্ড** থেকে পাওয়া তথ্য আপনার স্টাডির তথ্যের সঙ্গে যোগ করতে চাই। আপনার সাক্ষাৎকারের সময় আমরা এ বিষয়ে আপনাকে জিজ্ঞাসা করব।

এই রেকর্ডগুলো আপনার স্টাডির তথ্যের সঙ্গে যোগ করতে সম্মতি দিলে, পরিবারগুলোর ওপর প্রভাব ফেলে এমন আরও অনেক বিষয় নিয়ে গবেষণা করতে আপনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। যেমন:

- বাড়ির পরিবেশ এবং সন্তানের যত্ন শিশুদের স্কুলের জন্য প্রস্তুত হওয়ার উপর কীভাবে প্রভাব ফেলে?
- ছোট শিশু ও তাদের পরিবারের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা এবং অন্যান্য সহায়তা পেতে কী কী কারণে অসুবিধা হতে পারে?
- যে বাবা-মায়েরা কেয়ারের অধীনে বড় হয়েছেন এবং যে পরিবারগুলো শিশু পরিষেবা থেকে সাহায্য পাচ্ছে, তাদের আমরা কীভাবে আরও ভালোভাবে সহায়তা করতে পারি?

আপনার সাক্ষাৎকারের আগে সাক্ষাৎকার গ্রহণকারী আপনাকে এ বিষয়ে একটি তথ্যপত্র দেবেন।

আমরা এটি করতে পারব কি না, সেই অনুমতি দেওয়া সম্পূর্ণ আপনার সিদ্ধান্ত। আপনি অনুমতি না দিলেও স্টাডিতে অংশ নিতে পারবেন। আপনি হয়তো এ বিষয়ে আপনার সন্তানের অন্য অভিভাবকের সঙ্গে আলোচনা করতে চাইবেন, কারণ আপনার সন্তানের রেকর্ড সম্পর্কে শুধু যে অভিভাবক দীর্ঘ সাক্ষাৎকার দেবেন, তাকেই জিজ্ঞাসা করা হবে।

[বিশেষ দ্রষ্টব্য] বিভিন্ন সম্প্রদায়, পরিস্থিতি ও ধরনের পরিবারের মা-বাবাদের সঙ্গে কথা বলার অভিজ্ঞতা সাক্ষাৎকার গ্রহণকারীদের রয়েছে। সাক্ষাৎকার অন্যান্য ভাষাতেও নেওয়া যেতে পারে।



আপনার তথ্যের সুরক্ষা

স্টাডিটি কারা পরিচালনা করেন?

University College London (UCL)-এর Centre for Longitudinal Studies (CLS) স্টাডিটি পরিচালনা করে এবং আপনার স্টাডি-সংক্রান্ত তথ্যের সুরক্ষার জন্য দায়ী। 1958, 1970 এবং 2000 সালে জন্ম নেওয়া মানুষদের নিয়ে এ ধরনের স্টাডি পরিচালনায় আমাদের যথেষ্ট অভিজ্ঞতা রয়েছে এবং এই ধরনের গবেষণায় আমরা বিশেষজ্ঞ। এই কারণেই স্টাডিটি পরিচালনার জন্য আমাদের বেছে নেওয়া হয়েছে।

এই দলে Swansea University (Wales), University of Edinburgh (Scotland) এবং Ulster University (Northern Ireland)-এর স্টাডি ডিরেক্টররাও রয়েছেন। এই স্টাডির অর্থায়ন করে Economic and Social Research Council, যা UK-এর প্রধান সামাজিক গবেষণা অর্থায়নকারী সংস্থা এবং UK Research and Innovation-এর একটি অংশ।

আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার ও সুরক্ষিত রাখি?

আপনার জীবন ও আপনার শিশুর অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত তথ্য শেয়ার করা নিয়ে আপনার যেকোনো উদ্বেগ থাকতে পারে—আমরা তা বুঝতে পারি। **আপনার গোপনীয়তা গুরুত্বপূর্ণ।** আপনি যে তথ্য দেবেন, তা **গোপনীয় ও নিরাপদে রাখা হবে এবং শুধুমাত্র গবেষণার কাজে ব্যবহার করা হবে।**

সাক্ষাৎকার এবং BabySteps অ্যাপের গবেষণামূলক কার্যক্রম থেকে পাওয়া আপনার স্টাডি-সংক্রান্ত তথ্য স্টাডিতে অংশ নেওয়া অন্য সবার তথ্যের সঙ্গে একত্রিত করা হবে। এই গবেষণার তথ্য নিরাপদে সংরক্ষণ করা হয় এবং UK Data Service-এর মতো বিশ্বস্ত ডেটা সার্ভিসের মাধ্যমে সারা বিশ্বের গবেষকদের কাছে উপলব্ধ করা হয়। আপনি যদি স্বাস্থ্য, শিক্ষা এবং/অথবা সোশ্যাল কেয়ার সংক্রান্ত নথি থেকে তথ্য যোগ করতে চান, তবে সেগুলিও গবেষকদের জন্য উপলব্ধ করা হবে। গবেষণার তথ্যে কখনোই **এমন কোনো নাম, ঠিকানা বা অন্যান্য ব্যক্তিগত বিবরণ থাকে না**, যা আপনাকে বা আপনার পরিবারকে শনাক্ত করতে পারে।

আপনার শিশুর অন্য মা-বাবাসহ পরিবারের অন্য সদস্যদের কাছ থেকে এবং আপনি বা আপনার শিশু যে সংস্থাগুলোর পরিষেবা বা সুবিধা পান, সেই সংস্থাগুলোর কাছ থেকেও আপনার তথ্য সম্পূর্ণ গোপন রাখা হয়।

খুবই ব্যতিক্রমী পরিস্থিতিতে, আপনি আমাদের যে তথ্য দেবেন তা আমাদের শেয়ার করতে হতে পারে—যেমন, কারও গুরুতর ক্ষতির ঝুঁকি থাকলে।

আপনার তথ্য নিরাপদ রাখতে সবসময় কঠোর নিরাপত্তা বিধি ও নিরাপদ সিস্টেম ব্যবহার করা হয়। আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষাকারী আইন GDPR অনুযায়ী আপনার তথ্যের সুরক্ষা নিশ্চিত করা UCL-এর আইনগত দায়িত্ব। এ কাজের জন্য GDPR-এর আইনি ভিত্তি হিসেবে ‘জনস্বার্থে কাজ’ ব্যবহার করে।

স্টাডির প্রাইভেসি নোটিশসহ আরও তথ্য পাওয়া যাবে এখানে: gnestudy.info/privacy/। আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। স্টাডির জন্য আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে প্রক্রিয়া করা হচ্ছে, তা নিয়ে আপনার কোনো উদ্বেগ থাকলে আপনি এখানেও যোগাযোগ করতে পারেন: UCL Data Protection Office: data-protection@ucl.ac.uk | Information Commissioners Office: ico.org.uk

আপনি অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিলে বা স্টাডি থেকে সরে এলে কী হবে?

স্টাডিতে অংশ নেবেন কি না, সেটি সম্পূর্ণ আপনার সিদ্ধান্ত। কোনো কারণ না জানিয়েই আপনি যেকোনো সময় পুরো, স্টাডি থেকে বা এর কোনো অংশ থেকে সরে আসার অধিকার আপনার রয়েছে।

ভবিষ্যতে আপনি স্টাডিতে অংশ নেওয়া বন্ধ করার সিদ্ধান্ত নিলেও, অথবা আপনার সঙ্গে আমাদের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেলেও, আমরা আগে যে স্টাডি-সংক্রান্ত তথ্য দিয়েছেন তা গবেষণার কাজে ব্যবহার করতে থাকব।

আপনি যদি স্টাডিতে একেবারেই অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে জন্মের রেকর্ড থেকে পাওয়া আপনার এবং আপনার শিশুর নাম ও ঠিকানা সংরক্ষণ করা হবে না এবং অন্য কোনো উদ্দেশ্যেও ব্যবহার করা হবে না। গবেষণার ফলাফলে যেন যুক্তরাজ্যের বিভিন্ন ধরনের পরিবারের প্রতিনিধিত্ব থাকে, তা নিশ্চিত করার জন্য কে স্টাডিতে অংশ নিচ্ছেন এবং কে নিচ্ছেন না, তা বুঝতে আমরা জন্মের রেকর্ড থেকে পাওয়া কিছু সীমিত জনমিতিক তথ্য ব্যবহার করব। এরপর আমরা এই তথ্যও নিরাপদে মুছে ফেলব।

স্টাডিটি কে অনুমোদন করেছে?

একটি স্বাধীন **NHS Research Ethics Committee** স্টাডিটি অনুমোদন করেছে। এটি এমন একটি স্বাধীন গোষ্ঠী, যারা আপনার নিরাপত্তা, অধিকার, সুস্থতা ও মর্যাদা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ।

সাহায্য ও পরামর্শ

আমরা আশা করি, আপনার শিশু ও মা-বাবা হিসেবে জীবন সম্পর্কে প্রশ্নগুলোর উত্তর দিতে আপনি আনন্দ পাবেন। স্টাডিতে অংশ নেওয়ার কারণে আপনার কোনো ক্ষতি হওয়ার কথা নয় এবং আপনি যে পরিষেবা বা চিকিৎসা পান, তাতে এর কোনো প্রভাব পড়বে না। সাক্ষাৎকারের কোনো বিষয় নিয়ে আপনার উদ্বেগ তৈরি হলে, সাহায্য করতে পারে এমন বিভিন্ন সংস্থা রয়েছে।



বাবা-মায়েদের সাধারণ পরামর্শ ও সহায়তার জন্য:

Home-Start: home-start.org.uk 0116 464 5490, info@home-start.org.uk

আর্থিক সমস্যার বিষয়ে পরামর্শ ও সহায়তার জন্য:

Citizens Advice Bureau: citizensadvice.org.uk

মানসিক কষ্ট বা হতাশা অনুভব করলে গোপনীয় সহায়তার জন্য:

Samaritans: samaritans.org, 116 123

গার্হস্থ্য নির্যাতনের বিষয়ে সহায়তার জন্য:

Refuge: refuge.org.uk, 0808 2000 247

Respect: mensadviceline.org.uk, 0808 8010327

মাদক ও অ্যালকোহল সম্পর্কে গোপনীয় পরামর্শের জন্য:

FRANK-এর সাথে কথা বলুন: talktofrank.com, 82111 নম্বরে টেক্সট করুন, 0300 123

6600 অথবা webchat ব্যবহার করুন।

স্বাস্থ্য সম্পর্কিত পরামর্শের জন্য: যোগাযোগ করুন আপনার স্থানীয় GP বা হেলথ ভিজিটর-এর সাথে।

সহায়তার আরও উৎস স্টাডির ওয়েবসাইট gnestudy.info-এ পাওয়া যাবে।